বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/ ৫৪৪৪

তারিখ: ১৩/০৬/২০১৯

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

জরুরী

বিষয় ঃ <u>বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৮ এর 'পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি' গঠন এবং নীতিমালা মোতাবেক পরীক্ষা পরিচালনা সংক্রান্ত অন্যান্য বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।</u>

জনাব
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৮ আগামী ১২/০৭/২০১৯ তারিখ থেকে শুরু হবে। পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ইতোমধ্যে আপনার বরাবর প্রেরণ করা হয়েছে।।

বাউবি'র একাডেমিক কাউন্সিলের ৫৬তম সভার সুপারিশ এবং বোর্ড অব গভর্নরস্ এর ১৪৭তম সভায় অনুমোদিত "বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিএ এবং বিএসএস পরীক্ষা পরিচালনা, পরীক্ষা কেন্দ্র নির্বাচন এবং পরীক্ষা পরিদর্শন সংক্রান্ত নীতিমালা" অনুযায়ী আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের জন্য "পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি" গঠনের ব্যবস্থা গ্রহণকরত: সকল কেন্দ্রের গঠিত **কেন্দ্র কমিটির তালিকা একত্র করে আগামী ২৭/০৬/২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।**

বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি :

ক) জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলার সকল পরীক্ষা কেন্দ্রের সুপারভাইজিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন ;
খ) সাধারণত যে প্রতিষ্ঠানে পরীক্ষা কেন্দ্র অবস্থিত সে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/স্টাডি সেন্টারের সমন্বয়কারী পদাধিকারবলে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

"বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৮ এর পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি" নিম্নরূপভাবে গঠন করতে হবে:

(i)	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/সমন্বয়কারী	১ জন	ভারপ্রাপ্ত কর্মকর্তা
(ii)	ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত সিনিয়র টিউটর	২ জন	সদস্য
(iii)	জেলা পর্যায়ের পরীক্ষা কেন্দ্রের ক্ষেত্রে জেলা প্রশাসক এর প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়) এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তাঁর মনোনতি প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়)	১ জন	সদস্য
(iv)	বাউবি'র আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য আঞ্চলিক পরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি হিসেবে উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধান	১ জন	সদস্য

২। কোন প্রতিষ্ঠানের অধ্যক্ষ যদি বিএ এবং বিএসএস প্রোগ্রামের সমন্বয়কারী না হয়েও পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তা হতে চান সেক্ষেত্রে সমন্বয়কারীকে টিউটর ক্যাটাগরীর ০২ জন সদস্যের ০১ জন হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে।

৩। **পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন এবং পরীক্ষা সংক্রান্ত দাপ্তরিক কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণীয় :**
(ক) আঞ্চলিক কেন্দ্রে কর্মরত আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক পরিচালক, সহকারী আঞ্চলিক পরিচালক/সমমান কর্মকর্তাগণ পরীক্ষা কমিটিতে ৩: ২: ১ হারে প্রতিনিধিত্ব করবেন।
(খ) টিউটর নয় এমন শিক্ষক পরীক্ষা কমিটিতে থাকতে পারবেন না ;
(গ) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিবার একই শিক্ষককে কমিটিতে অন্তর্ভুক্ত না করে পর্যায়ক্রমে সৎ, নিষ্ঠাবান ও দায়িত্বশীল টিউটরদের সদস্য হিসেবে কমিটিতে রাখতে হবে;
(ঘ) পরীক্ষার দিন সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে কক্ষ পরিদর্শকের দায়িত্ব প্রদান করা যাবে না ;
(ঙ) **কোন পরীক্ষার্থী নকল, মোবাইল ফোন, ব্যাগ ইত্যাদি নিয়ে যেন পরীক্ষা হলে ঢুকতে না পারে পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে;**
(চ) প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রতি পরীক্ষার দিনে অন্তত: ১ জন ম্যাজিস্ট্রেট এর উপস্থিতির বিষয়টি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ নিশ্চিত করবেন এবং তাঁদের সম্মানী প্রদানের বিষয়টিও দ্রুততার সাথে সম্পন্ন করবেন;
(ছ) পরীক্ষার কাজে ৩য় ও ৪র্থ শ্রেণীর একই কর্মচারীকে প্রতি বছর সম্পৃক্ত করা যাবে না।

৪। এছাড়াও নীতিমালায় উল্লিখিত ক) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তাঁর দায়িত্ব, খ) ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য, গ) পরীক্ষা কক্ষের ব্যবস্থাপনা, ঘ) ইনভিজিলেটর বা কক্ষ পরিদর্শকের দায়িত্ব ও কর্তব্য, ঙ) পরীক্ষা কেন্দ্রে বিশেষ পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য, চ) পরীক্ষা কেন্দ্রে বহি:পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য, ছ) পরীক্ষা কেন্দ্রের আইন শৃংখলা ও নিরাপত্তা জ) পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও শাস্তিমূলক ব্যবস্থা, ঝ) কারাবন্দি শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ ঞ) শ্রুতি লেখক নিয়োগ, ট) সেভেন্থ-ডে এ্যাডভেন্টিস্ট খ্রীষ্টীয়ান সম্প্রদায়ের পরীক্ষা গ্রহণ এবং ঠ) পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্র প্রেরণসহ সংশ্লিষ্ট বিষয়ে সম্পৃক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অবহিতকরণসহ তা যথাযথভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

৫। উল্লিখিত শর্তগুলোর কোন ধরণের ব্যত্যয় ছাড়া আপনার আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আগামী ২৭/০৬/২০১৯ তারিখের মধ্যে বর্ণনা মোতাবেক কমিটি গঠনের জন্য কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।

১৩/৬/১৯

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং.....
তারিখ.....
সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার
সহ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার
প্রশাসনিক কর্মকর্তা/সহ. প্রোগ্রামার/ (BIMS)

<u>অনুলিপি : অবগতি ও কার্যার্থে :</u>
১. জেলা প্রশাসক (সকল)।
২. ডীন, এসএসএইচএল, বাউবি।
৩. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি (এ বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
৪. সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (**পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল**)।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৮, বাউবি।
৭. উপ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৮. প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি (পত্রটি সকল আঞ্চলিক কেন্দ্রে ই-মেইল করার জন্য অনুরোধ করা হলো)।
৯. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।